




দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানুল হোসেন দায়িত্ব

জলবায়ু সহিষ্ণু ফসলের জাত উদ্ভাবন জরুরি

গবেষণায় তথ্য উপস্থাপন

  ইত্তেফাক রিপোর্ট  ০৮ ফেব্রুয়ারী, ২০১৬ ইং ০০:০০ মিঃ

বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে পরিবর্তিত পরিবেশের সঙ্গে খাপ খাওয়ানো ফসলের উপযুক্ত জাত উদ্ভাবন ও বাছাইয়ের দিকে। এর পাশাপাশি জলবায়ু সহিষ্ণু এসব নতুন জাত কৃষকের কাছে দ্রুত পৌঁছানোর ব্যবস্থা করতে হবে এবং কৃষক যাতে উতপাদিত পণ্যের ন্যায্য মূল্য পায় তা নিশ্চিত করতে হবে। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ক্লাইমেট চেইঞ্জ এন্ড এনভায়রনমেন্টাল রিসার্চ পরিচালিত গবেষণায় এসব তথ্য উঠে আসে। ব্র্যাক-এর অ্যাডভোকেসি ফর সোশ্যাল চেইঞ্জ-এর অর্থায়নে ২০১৫ সালে সম্পন্ন এ গবেষণায় নেতৃত্ব দিয়েছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাত। গতকাল ব্র্যাক সেন্টারে আয়োজিত সেমিনারে গবেষণাটির আলোকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক আইনুন নিশাত। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের বীজ উইং-এর মহাপরিচালক ও অতিরিক্ত সচিব আনোয়ার ফারুক। বিশেষ অতিথি ছিলেন চ্যানেল আই-এর পরিচালক ও বার্তা প্রধান শাইখ সিরাজ। সূচনা বক্তব্য রাখেন ব্র্যাকের কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির কর্মসূচি প্রধান ড. সিরাজুল ইসলাম।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত